গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং ৩৭.০০.০০০০.০৭৬.০১.০০৭.১৫-৬৫৬

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ০৭/০১/২০১৪ তারিখের ৮০.৩০১ (গোপনীয়)/অংশ-১৭৭৪/২০১৩/০৩, ১৭৭৫/২০১৩/০৭ ও ১৭৭০/২০১৩/০৮ নং স্মারকে বর্ণিত সুপারিশক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) ২য় শ্রেণির স্থায়ী পদে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১-১৬৫৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ/পদায়ন করা হলোঃ

(ক) তাকে নায়েম অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) তাকে ০২ বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে কোন পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকুরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তিনি যদি ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়টি সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(ঞ) The Government Servants (Conduct) Rules ১৯৭৯ এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

(ট) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(ঠ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী তাদের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১০** কার্তিক **১৪২২** বঙ্গাব্দ/ ২৫ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে স্ব-স্ব নামের পাশে বর্ণিত পদে/প্রতিষ্ঠানে যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তাদের চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

D:\Haider\Sec-15\Poggapon (GO-40).doc

০৩। নিম্নে নিয়োগকৃতের নাম, ঠিকানা ও পদবী উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদ ও পদায়নকৃত কর্মস্থল
১।	মুঃ খালিদ ইবনে আহাদ পিতা- মুঃ আকবর আলী মাতা- মোসাঃ জাহেরা খাতুন	গ্রামঃ গৌরীপুর ডাকঃ বোয়ালিয়া উপজেলাঃ গোমস্তাপুর জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউট।
২।	মোঃ ইসরাফিল আলম পিতা- শরিফুল আলম মাতা- মোছাঃ আছমা খাতুন	গ্রামঃ পাইকপাড়া ডাকঃ ঘোলদাড়ী বাজার উপজেলাঃ আলমডাঙ্গা জেলাঃ চুয়াডাঙ্গা	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট।
৩।	মোহাঃ মোস্তাফিজুর রহমান পিতা- মোঃ আসাদুজ্জামান মাতা- মোছাঃ নুরুন নাহার	গ্রামঃ নতিডাঙ্গা ডাকঃ আঠারখাদা উপজেলাঃ আলমডাঙ্গা জেলাঃ চুয়াডাঙ্গা	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট।
৪।	মোঃ হাদী-উজ-জামান পিতা- মৃত রুহুল আমীন মাতা- মৃত রাশিদা বেগম	গ্রামঃ বরাশুলা (খাঁনপাড়া) ডাকঃ নড়াইল উপজেলাঃ নড়াইল সদর জেলাঃ নড়াইল	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট।
৫।	মোঃ আব্দুল গফুর পিতা- মোঃ হানিফ খন্দকার মাতা- রাহিমা বেগম	গ্রামঃ চরবংশী (খন্দঃ বাড়ী) ডাকঃ খাসেরহাট বাজার উপজেলাঃ রায়পুর জেলাঃ লক্ষীপুর	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) ফেনী পলিটেকনিক ইন্সটিটিউট।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

নং ৩৭.০০.০০০০.০৭৬.০১.০০৭.১৫-৬৫৬/১(১৩)

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অধ্যক্ষ...।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক..।
১১। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা...।
১২। জনাব ....।
১৩। অতিরিক্ত-সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব

D:\Haider\Sec-15\Poggapon (GO-40).doc